DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 21 Nov 2026, 05:38 PM

আন্তর্জাতিক

ইসরায়েলে ফ্লাইদুবাইয়ের সব ফ্লাইট সাময়িক স্থগিত

প্রতিবেদক: Bangladesh
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০১ অক্টোবর ২০২৬, ০১:০৫ PM



ইসরায়েলের সঙ্গে সব ফ্লাইট সাময়িকভাবে স্থগিত করেছে দুবাইভিত্তিক এয়ারলাইন ফ্লাইদুবাই। বুধবার (৩০ সেপ্টেম্বর) দুবাই থেকে ইসরায়েলের উদ্দেশে ছেড়ে যাওয়া একটি যাত্রীবাহী উড়োজাহাজে পাইলট ও সহ-পাইলটের মধ্যে ছুরিকাঘাতের ঘটনা ঘটার পর এ সিদ্ধান্ত নেওয়া হয়।

ঘটনার পর উড়োজাহাজটি সৌদি আরবে জরুরি অবতরণ করে। সিএনএনের প্রতিবেদনে বলা হয়েছে, ঘটনার তদন্ত শেষ না হওয়া পর্যন্ত ইসরায়েলগামী এবং ইসরায়েল থেকে আসা সব ফ্লাইট স্থগিত থাকবে বলে জানিয়েছে ফ্লাইদুবাই। এয়ারলাইনটির এক মুখপাত্র বলেন, যাত্রী, কর্মী ও কার্যক্রমের নিরাপত্তাই তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তদন্তের জন্য প্রয়োজনীয় সময় দিতেই সাময়িকভাবে ফ্লাইট চলাচল বন্ধ রাখা হয়েছে। ফ্লাইদুবাই জানিয়েছে, ফ্লাইট স্থগিতের কারণে ইসরায়েলের সঙ্গে সব ফ্লাইট সাময়িকভাবে স্থগিত করেছে দুবাইভিত্তিক এয়ারলাইন ফ্লাইদুবাই। বুধবার (৩০ সেপ্টেম্বর)

দুবাই থেকে ইসরায়েলের উদ্দেশে ছেড়ে যাওয়া একটি যাত্রীবাহী উড়োজাহাজে পাইলট ও সহ-পাইলটের মধ্যে ছুরিকাঘাতের ঘটনা ঘটার পর এ সিদ্ধান্ত নেওয়া হয়।

ঘটনার পর উড়োজাহাজটি সৌদি আরবে জরুরি অবতরণ করে। সিএনএনের প্রতিবেদনে বলা হয়েছে, ঘটনার তদন্ত শেষ না হওয়া পর্যন্ত ইসরায়েলগামী এবং ইসরায়েল থেকে আসা সব ফ্লাইট স্থগিত থাকবে বলে জানিয়েছে ফ্লাইদুবাই। এয়ারলাইনটির এক মুখপাত্র বলেন, যাত্রী, কর্মী ও কার্যক্রমের নিরাপত্তাই তাদের কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তদন্তের জন্য প্রয়োজনীয় সময় দিতেই সাময়িকভাবে ফ্লাইট চলাচল বন্ধ রাখা হয়েছে। ফ্লাইদুবাই জানিয়েছে, ফ্লাইট স্থগিতের কারণে যাত্রীদের ভ্রমণ পরিকল্পনায় যে সমস্যা তৈরি হয়েছে, সে জন্য তারা দুঃখিত। যাত্রীদের প্রয়োজন অনুযায়ী সহায়তা এবং বিকল্প ব্যবস্থা দেওয়ার চেষ্টা করা হচ্ছে। দুবাই-তেল আবিব রুটটি ইসরায়েলি নাগরিকদের মধ্যে বেশ জনপ্রিয়। ফ্লাইদুবাই এ রুটে প্রতিদিন দুই দিক মিলিয়ে প্রায় ১০টি ফ্লাইট পরিচালনা করে। ভ্রমণ পরিকল্পনায় যে সমস্যা তৈরি হয়েছে, সে জন্য তারা দুঃখিত। যাত্রীদের প্রয়োজন অনুযায়ী সহায়তা এবং বিকল্প ব্যবস্থা দেওয়ার চেষ্টা করা হচ্ছে। দুবাই-তেল আবিব রুটটি ইসরায়েলি নাগরিকদের মধ্যে বেশ জনপ্রিয়। ফ্লাইদুবাই এ রুটে প্রতিদিন দুই দিক মিলিয়ে প্রায় ১০টি ফ্লাইট পরিচালনা করে।

এ বিভাগের আরও খবর



ক্ষমতা ধরে রাখতে মরিয়া নেতানিয়াহু, ইসরায়েলে বাড়ছে সহিংসতার শঙ্কা
ইসরায়েলের সাম্প্রতিক নির্বাচনের পর রাজনৈতিক সংকটে পড়েছেন প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। বিরোধীদের বিরুদ্ধে ধারাবাহিক আক্রমণ, নির্বাচনের...



ক্রিমিয়া সেতুতে হামলার জবাবে ইউক্রেনে রাশিয়ার ব্যাপক হামলা, নিহত ৮
ক্রিমিয়া সেতুতে ইউক্রেনের হামলার প্রতিক্রিয়ায় দেশটির বিভিন্ন এলাকায় ব্যাপক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে রাশিয়া। এতে রাজধানী কিয়েভে ছয়...





হরমুজ প্রণালিতে মার্কিন এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিতের দাবি ইরানের

পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিতে যুক্তরাষ্ট্রের অত্যাধুনিক এমকিউ-৯ রিপার ড্রোন ভূপাতিত করার দাবি করেছে ইরান। দেশটির সেনাবাহ...



সৌদি ভূখণ্ডের কিছু অংশ হুথিদের দখলে, দাবি টাকার কার্লসনের

ইয়েমেনের হুথি বিদ্রোহীরা সৌদি আরবের কিছু এলাকা দখলে রেখেছে বলে দাবি করেছেন মার্কিন রক্ষণশীল পডকাস্টার টাকার কার্লসন। তাঁর অভিযোগ, সৌদি ভূখণ্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/israyele-flaidubaiyer-sb-flait-samyik-sthgit